

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৪৪

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৩

অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত বটতলা বাজার পরিদর্শনে মুখ্যমন্ত্রী
ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডঃ) মানিক সাহা আজ সকালে বটতলা বাজারে অগ্নিকান্ডের ঘটনাস্থল পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সঙ্গে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর তুষার কাণ্ঠি ভট্টাচার্য ও কর্পোরেটর জাহাঙ্গী দাস চৌধুরী সহ প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সঙ্গে কথাও বলেন। পরে সংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, গতকাল গভীর রাতে বটতলা বাজারে বিধৃৎসী অগ্নিকান্ডে অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। মোট ক্ষয়ক্ষতির হিসাব এখনও নিরূপণ করা হয়নি। প্রশাসনিক আধিকারিকগণ সবকিছু খতিয়ে দেখছেন। সরকারের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

মুখ্যমন্ত্রী জানান, এই অগ্নিকান্ডের ঘটনায় অনেক ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হয়েছেন। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের তাৎক্ষণিকভাবে সহায়তা দেওয়ার জন্য আগরতলা পুরনিগমের মেয়রের সাথেও কথা হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, দমকল কর্মীদের তৎপরতার ফলে অগ্নিকান্ডের বেশি বিস্তার লাভ করতে পারেনি। প্রশাসনিক আধিকারিকদের এই অগ্নিকান্ডের ঘটনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি বটতলা বাজারের আধুনিকীকরণের জন্য ডিপিআর তৈরি করা হয়েছে বলেও সংবাদিকদের জানান মুখ্যমন্ত্রী।
